

আন্তর্জাতিক

সাহিত্যে নোবেল পেলেন কানাডার অ্যান কারসন



প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ০৬:২২ PM



বিশ্বের সবচেয়ে মর্যাদাপূর্ণ নোবেল পুরস্কার বিজয়ীদের নাম ঘোষণা চলছে। এ বছর সাহিত্যে নোবেল পুরস্কার জিতেছেন কানাডার লেখক, কবি ও প্রাবন্ধিক অ্যান কারসন। প্রাচীন ঐতিহ্যকে সৃজনশীল সংলাপের মাধ্যমে সমকালীন সাহিত্যে নতুন রূপ তৈরি করার জন্য তাকে এ পুরস্কার দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) বাংলাদেশ সময় বিকেল প্রায় ৫টার দিকে নতুন এ নোবেলজয়ীর নাম ঘোষণা করে সুইডিশ অ্যাকাডেমি। গত বছর এ পুরস্কার জিতেছিলেন হাঙ্গেরিয়ান লেখক লাসলো ক্রাসনাহোরকাই।

অ্যান কারসন ১৯৫০ সালে কানাডার টরেন্টোতে জন্মগ্রহণ করেন। ১৯৮১ সালে তিনি ক্লাসিকসের ওপর তার ডক্টরিয়াল থিসিস ঐতিহ্যে এত আমো এরগো সাম প্রকাশ করেন এবং নিজের পুরো ক্যারিয়ারজুড়ে কবিতা লেখা, অনুবাদ করা এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করেছেন।

তার প্রায় সব সাহিত্যকর্মের মূল বিষয়ই হলো শব্দের প্রতি ভাষাবিদদের নিখুঁত গভীরতা আর নতুন অর্থ খোঁজার প্রতি কবির আকুলতার এক সুন্দর মেলবন্ধন। তিনি নিজেও বলেছেন, যেকোনো লেখা লেখার ক্ষেত্রে শব্দের মূল উৎপত্তি বা উৎস খুঁজে বের করাই হলো তার কাজের প্রথম

পদক্ষেপ।

প্রাচীন গ্রিক সাহিত্যের যেসব বই তিনি অনুবাদ করেছেন সেগুলোকে একে একটি স্বতন্ত্র সাহিত্য হিসেবেও ধরা হয়। যার মধ্যে অন্যতম হলো তার নিজের ভাষায় অনুবাদ করা প্রাচীন গ্রিক সাহিত্যিক সাপফোর অসমাপ্ত কবিতার বই [ইফ নট, উইন্টার] (২০০২)। এর সঙ্গে সাফপোর বিয়োগান্তক নাটক [ইলেক্টা] (২০০১), [অ্যান্টিগন] (২০১৫) এবং ইউরিপিডিসের [বাকখাই] (২০১৫)।

১৯০১ সাল থেকে এখন পর্যন্ত ১১৮ বার সাহিত্যে নোবেল দেওয়া হয়েছে। আর সবমিলিয়ে ১২২ সাহিত্যিক নোবেল পুরস্কারে ভূষিত হয়েছেন। যার মধ্যে ১৮ জন হলেন নারী। এছাড়া চারবার যৌথভাবে একাধিক ব্যক্তিকে সাহিত্যে নোবেল দেওয়া হয়েছে।

এর আগে বুধবার (৭ অক্টোবর) রসায়নে নোবেল পুরস্কার জিতেন দুই বিজ্ঞানী। তারা হলেন হেনরি কাগান এবং কেনসো য়াই।

গত ৫ অক্টোবর প্রথম দিনে চিকিৎসাক্ষেত্রে নোবেলজয়ীদের নাম ঘোষণা করা হয়। যৌথভাবে এ পুরস্কার জিতেছেন তিনজন।

এ বিভাগের আরও খবর



যুক্তরাষ্ট্রে পাঁচ ভারতীয় আইটি প্রতিষ্ঠানের শ্রম সনদ প্রক্রিয়া স্থগিত
যুক্তরাষ্ট্রে বিদেশি কর্মী নিয়োগের ক্ষেত্রে কঠোর অবস্থান নিয়েছে ডোনাল্ড ট্রাম্প প্রশাসন। এর অংশ হিসেবে স্থায়ীভাবে বসবাসের জন্য বিদেশি কর্মীদ...



টানা ২৫ বছর ক্ষমতায়, নতুন লক্ষ্য মোদির
টানা ২৫ বছর জনপ্রতিনিধি ও সরকারের প্রধান হিসেবে দায়িত্ব পালনের মাইলফলক স্পর্শ করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ২০০১ সালের ৭ অক্টোবর...



১৭ হাজার ফুট উচ্চতায় ইন্ডিগোর বিমানে বজ্রপাত, প্রাণে বাঁচলেন ১১০ জন
মঝঝাকাশে তাঁর বজ্রপাতের কবলে পড়েছে ভারতীয় এয়ারলাইনস ইন্ডিগোর একটি বিমান। প্রায় ১৭ হাজার ফুট উচ্চতায় এ ঘটনা ঘটে। বজ্রপাতে বিমানটির সামন...



রুশ হামলায় ইউক্রেনে নিহত ২৮, পাঁচজনই শিশু
রুশ বাহিনীর রাতভর জ্বলন ও ফেপগান্ন হামলায় ইউক্রেনে অন্তত ২৮ জন নিহত হয়েছেন। নিহত ব্যক্তিদের মধ্যে পাঁচজন শিশু। বুধবার, ৭ অক্টোবর দেশটির...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/sahitje-nobel-pelen-kanadar-ojan-karsn>